ইংরেজি হতে অনুদিত

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নং ০৭ তারিখঃ জুলাই ১২ , ২০১৫

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ও মানি চেঞ্জার

প্রিয় মহোদয়গণ,

আন্তর্জাতিক ভ্রমনে বৈদেশিক মুদ্রা ছাড় প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশান্স (জিএফইটি)' ২০০৯ (ভলিউম-১) এর ০২ অধ্যায়ের ৬ অনুচ্ছেদে এবং ১২ অধ্যায়ের ১(vii) অনুচ্ছেদে বৈদেশিক মুদ্রায় লেনদেনের অনুমোদিত ডিলার ব্যাংক ও মানি চেঞ্জার কর্তৃক আন্তর্জাতিক ভ্রমনে বৈদেশিক মুদ্রা ছাড়ের ক্ষেত্রে অন্যান্য দলিলাদির সাথে ভ্রমনকারীর পাসপোর্টের প্রথম ছয় পৃষ্ঠার ফটোকপি নিয়মিত রিটার্নের সাথে বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা রয়েছে ।

০২. এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, Machine Readable Passport (MRP) এর ক্ষেত্রে ভ্রমনকারীর পাসপোর্টের প্রথম ছয় পৃষ্ঠার পরিবর্তে প্রথম দুই পৃষ্ঠার ফটোকপি নিয়মিত রিটার্নের সাথে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে ।

০৩. আন্তর্জাতিক ভ্রমনে বৈদেশিক মুদ্রা ছাড়ের অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে ।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,
(স্বাক্ষরিত)
(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯